২৮ সেপ্টেম্বর, ২০২৬

# আইফোন ১৮ প্রো ম্যাক্সেও গ্রিনলাইন, অভিযোগ ব্যবহারকারীদের



ছবি: সংগৃহীত

বাজারে আসার কয়েক সপ্তাহ না যেতেই আইফোন ১৮ প্রো ও ১৮ প্রো ম্যাক্সের ডিসপ্লেতে সবুজ, গোলাপি ও লাল দাগ দেখা দেওয়ার অভিযোগ উঠেছে। বিভিন্ন দেশের কয়েকজন ব্যবহারকারী সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও প্রকাশ করে তাদের ফোনের পর্দায় এ সমস্যা দেখা দেওয়ার কথা জানিয়েছেন।

ভাইরাল হওয়া এসব ভিডিওতে নতুন আইফোনের ডিসপ্লেতে লম্বালম্বি দাগ দেখা যায়। কয়েকজন ব্যবহারকারী জানিয়েছেন, বিষয়টি নিয়ে অ্যাপলের সঙ্গে যোগাযোগের পর তাদের ফোন পরিবর্তন করে দেওয়া হয়েছে।

তবে এখন পর্যন্ত কতটি ডিভাইসে এমন সমস্যা হয়েছে, তার নির্ভরযোগ্য পরিসংখ্যান পাওয়া যায়নি। সমস্যাটি ব্যাপক আকারে ছড়িয়েছে—এমন প্রমাণও নেই। কোন হার্ডওয়্যার উপাদানের কারণে এ সমস্যা তৈরি হচ্ছে, সেটিও নিশ্চিত হওয়া যায়নি।

সামাজিক যোগাযোগমাধ্যমে কেউ কেউ এর জন্য স্যামসাং ডিসপ্লেকে দায়ী করছেন। কারণ, অ্যাপলের উচ্চমূল্যের আইফোনে ব্যবহৃত ডিসপ্লের বড় একটি অংশ সরবরাহ করে স্যামসাং। প্রতিষ্ঠানটি অ্যাপলের প্রিমিয়াম মডেলের জন্য এলটিপিও প্লাস ওএলইডি প্যানেল সরবরাহ করে। তবে স্যামসাংয়ের ডিসপ্লে থেকেই নতুন আইফোনে গ্রিনলাইনের সমস্যা হচ্ছে—এমন কোনো প্রমাণ এখনো পাওয়া যায়নি।

আইফোনে এ ধরনের অভিযোগ অবশ্য নতুন নয়। এর আগে আইফোন এক্স, আইফোন ১৩ এবং আইফোন ১৪ প্রোসহ কয়েকটি মডেলের ডিসপ্লেতেও একই ধরনের দাগ দেখা দেওয়ার অভিযোগ করেছিলেন ব্যবহারকারীরা।

অ্যাপল ৯ সেপ্টেম্বর নতুন আইফোন সিরিজ বাজারে আনে। আগের মডেলের তুলনায় দাম বাড়লেও বাজার গবেষণা প্রতিষ্ঠান কাউন্টারপয়েন্ট রিসার্চ ও খুচরা বিক্রেতাদের তথ্য অনুযায়ী, নতুন আইফোনের বিক্রি নিয়ে বাজারে আগ্রহ দেখা যাচ্ছে।